# Times Today BD

রিফাত ইসলাম | ক্যাম্পাস | 18 July, 2025

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) শহীদ মুখতার ইলাহী হলের ষষ্ঠ তলার ২৮ জন শিক্ষার্থী একটি টয়লেট ব্যবহার করেন।অন্যদিকে বাকি দুইটি টয়লেটের দরজা ভাঙা। এতে শিক্ষার্থীদের ব্যক্তিগত গোপনীয়তা ও নিরাপত্তা মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। শিক্ষার্থীদের অভিযোগ শিক্ষার্থীদের সমস্যা সমাধান না করলেও প্রভোস্ট রুমে ঠিকই সংস্কার হচ্ছে।

ষষ্ঠ তলার কায়েম,পিসান, সোহাগসহ একাধিক আবাসিক শিক্ষার্থী বলেন, ৬ মাস ধরে প্রভোস্টকে বলা হলেও তিনি কোনো ব্যবস্থা নেননি। ফ্লোরের ২৪ জন শিক্ষার্থী একটি টয়লেট কোনোভাবে ব্যবহার করা যায় না। একটির দরজা তো পুরোটাই ভাঙা অন্য একটি দরজা ঠিক মত লাগে না। সেজন্য দুইটাই ব্যবহারের অনুপযোগী।

কায়েম নামে এক আবাসিক শিক্ষার্থী বলেন, সকালে লম্বা লাইন ধরতে হয়। অনেক সময় টয়লেট চেপে রাখতে হয়। এতে আমাদের স্বাস্থ্য ঝুঁকি বাড়ে। উপায় না পেয়ে অনেক সময় অন্য ফ্লোরে যাইতে হয়।

এই বিষয়ে শহীদ মুখতার ইলাহী হলের প্রভোস্ট ড. মো.কামরুজ্জামান বলেন, দরজার টেন্ডার হয়ে গেছে। এখন দেখে শুনে শুধু লাগানো বাকি।

বেরোবি বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 22:42

URL: https://timestodaybd.com/campus/493680842